

655



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 9130969, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.৬৫৫.১৮৪৩

সেপ্টেম্বর ৭, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক
রপ্তানিকারক সকল সদস্য মিল বিটিএমএ।

বিষয়: রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের ফেরতকৃত পণ্য চালান খালাস ও পুনঃরপ্তানিকরণ সংক্রান্ত বিশেষ আদেশ।

জনাব,

উপরোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের, ৩১-০৮-২০২১ তারিখের বিশেষ আদেশ নং-০১৭/২০২১/কাস্টমস এতদসঙ্গে সংযুক্ত করে আপনার সদয়
আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


আলী আহমাদ

ডেপুটি সেক্রেটারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

[বিশেষ আদেশ]

বিশেষ আদেশ নং-০১৭/২০২১/কাস্টমস/

তারিখ : ৩১/০৮/২০২১ খ্রি:।

বিষয় :- রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের ফেরতকৃত পণ্য চালান খালাস ও পুনঃরপ্তানিকরণ।

রপ্তানি বাণিজ্যের প্রসার, উদারীকরণ ও সহজীকরণের লক্ষ্যে The Customs Act, 1969 এর Section 21(b) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের বহিঃবাংলাদেশ হতে ফেরতকৃত পণ্য চালান খালাস ও পুনঃরপ্তানি সংক্রান্ত নিয়ন্ত্রণ আদেশ জারি করল:

- ক) ফেরতকৃত পণ্য চালানের আমদানি ও রপ্তানি সংক্রান্ত সকল দলিলাদি যথাযথভাবে যাচাই করে নিশ্চিত হতে হবে;
- খ) নূন্যতম একজন সহকারী কমিশনার এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে পণ্য চালানসমূহ ১০০% কায়িক পরীক্ষা করে পণ্যের বর্ণনা, ওজন, সংখ্যা বা পরিমাণ প্রভৃতি নিশ্চিত হয়ে খালাস ও পুনঃরপ্তানি কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- গ) খালাসকালে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক এর দপ্তরের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- ঘ) পুনঃরপ্তানির পূর্বে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক এবং প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- ঙ) খালাসকালে হালনাগাদ অথবা বর্ধিত জাহাজীকরণের মেয়াদ সম্পন্ন রপ্তানি আদেশের কপি (লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে;
- চ) পণ্য খালাসের ০১ (এক) বছরের মধ্যে ফেরতকৃত পণ্য চালান পুনঃরপ্তানি করতে হবে;
- ছ) বন্ড লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য শুল্ককরের (এআইটি ব্যতিত) সমপরিমাণ নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ সাপেক্ষে পণ্য চালান খালাস প্রদান করতে হবে;
- জ) রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠান ফেরত আসা পণ্য চালানের বিপরীতে এ মর্মে অঙ্গীকারনামা দাখিল করবে যে, “পণ্য চালান খালাসের ০১ (এক) বছরের মধ্যে রপ্তানি করতে ব্যর্থতায় ছাড়কৃত চালানের বিপরীতে প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধ করতে বাধ্য থাকবে”।
- ঝ) ব্যাংক গ্যারান্টি অথবা অঙ্গীকারনামার শর্তাদি পরিপালনে ব্যর্থ হলে শুল্ক কর আদায়ের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঞ) ব্যতিক্রমি পরিস্থিতিতে রপ্তানিকারক জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করতে পারবে।
- ট) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-২(২) শুল্ক: রপ্তানি ও বন্ড/৯৬ (অংশ-১)/৩০৮, তারিখ: ০৫/০৬/২০০৭ খ্রি: এবং জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৯/২০১৭/কাস্টমস/১১৩, তারিখ: ১৬/০৩/২০১৭ খ্রি: এর আদেশদ্বয় এ মর্মে রহিত করা হ'ল।
- ০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩